আজকের কাগজ

তারিখ 30 DEC 1992
পৃষ্ঠা ৮ কলাম ২

65

# ছাত্রদল গতকালও রাজশাহী বিশ্ববিদ্যালয় অচল করে রাখে

ছাত্রদলের সন্ত্রাসী নেতা বাবলুকে গ্রেফতারের জের হিসেবে ছাত্রদল কর্মীরা গতকালও রাজশাহী বিশ্ববিদ্যালয় অচল করে রাখে। তারা গতকালও দ্বিতীয় দিনের মতো কোনো পরীক্ষা অনুষ্ঠিত হতে দেয়নি। গত রোববার রাতে ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক বাবলুকে ৪টি সন্ত্রাসী মামলায় পুলিশ আটক করে। এর প্রতিবাদে ছাত্রদল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেয়। এতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম অচল হয়ে পড়ে।

ছাত্রদল আহূত গতকালের রাজপথ রেলপথ অবরোধ কর্মসূচি পালিত হয়নি। ছাত্রদল কর্মীরা সকালের দিকে মহাসড়কে পিকেটিং করতে গেলে পুলিশ তাদের ধাওয়া করে এবং ৪/৫ জনকে ধরে নিয়ে যায়।

এদিকে গতকাল বিকেলে রাজশাহী বিশ্ববিদ্যায় কর্তৃপক্ষ আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত সকল চলতি পরীক্ষা স্থগিত ঘোষণা করে। সেশন জটে আটকে পড়া পরীক্ষার্থীরা ক্ষোভ প্রকাশ করে' বলেন, পুলিশের সহায়তায় কর্তৃপক্ষ এ পরীক্ষা অনায়াসেই নিতে পারতেন। কিন্তু সন্ত্রাসীদের প্রতি পক্ষপাতিত্ব করে কর্তৃপক্ষ তা করেননি, রাজশাহী থেকে জেলা প্রতিনিধি।